নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি
NESCO
Northern Electricity Supply PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)
নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বিবিবি-বিমানবন্দর, নেসকো, রাজশাহী।
www.nesco.gov.bd

বিষয়ঃ সোশ্যাল মিডিয়ায় (ফেসবুক) গত ০৩/০৯/২০২৬ ইং তারিখে মৌসুমি ইসলাম কর্তৃক অতিরিক্ত বিদ্যুৎ বিলের অভিযোগের প্রেক্ষিতে নেসকো'র ব্যাখ্যা।

বিক্রয় ও বিতরণ বিভাগ,নেসকো, বিমানবন্দর দপ্তরের আওতাধীন গ্রাহক MD. SHAMSUZZAMAN ঠিকানা- 8C SPARK VIEW BASUA TEROKHADIA RAJSHAHI গ্রাহক নং- 43005310, মিটার নং- 162550 ট্যারিফ - LT-A, এর তিন মাসের বিদ্যুৎ বিল (আগষ্ট/২৫- ১০৬৯/- , সেপ্টেম্বর/২৫- ১০৬৯/-, এপ্রিল/২৬- ৪০৪৬/- ,সর্বমোট- ৬১৮৪/-) বকেয়া থাকায় গত ০৮/০৬/২০২৬ ইং তারিখে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের জন্য উপ-সহকারী প্রকৌশলী গ্রাহকের আঙ্গিনায় উপস্থিত হলে গ্রাহক কর্তৃক বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের সময়সীমা বৃদ্ধি করার জন্য অনুরোধ করায় অত্র দপ্তর থেকে বকেয়া পরিশোধের সময়সীমা ১৫/০৬/২০২৬ ইং পর্যন্ত বৃদ্ধি করা হয় (কপি সংযুক্ত)। গ্রাহক ১৫/০৬/২০২৬ ইং তারিখের মধ্যে কোন বিল পরিশোধ না করায় ও অত্র দপ্তরকে বকেয়া বিল পরিশোধ না করার কোন কারণ অবহিত না করায় গত ১৬/০৬/২০২৬ ইং তারিখে গ্রাহককে প্রদানকৃত নোটিশ অনুসারে **সংযোগ বিচ্ছিন্ন (DC)** করা হয় এবং পরবর্তীতে দপ্তরকে অবহিত না করে গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করায় গ্রাহকের জুন/২৬ ও জুলাই/২৬ মাসের বিদ্যুৎ বিল পেনাল আকারে (তিন গুন) হয়। পরবর্তীতে গত ৩১/০৮/২০২৬ ইং তারিখে গ্রাহক সমুদয় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করেন এবং বকেয়া বিদ্যুৎ বিলের সাথে বিধি মোতাবেক পুনঃসংযোগ ফি ৮২৮ টাকা অনলাইন প্লাটফর্মে নগদের মাধ্যমে পরিশোধ করেন (কপি সংযুক্ত)। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকালীন সময়ে সম্মানিত গ্রাহক দপ্তরকে অবহিত না করে বিদ্যুৎ ব্যবহার করায় গ্রাহককে জুলাই/২৬ মাসের ব্যবহৃত ৫২০ ইউনিটের বিদ্যুৎ বিল পেনাল (তিন গুণ আকারে) ১৬৪২৬ টাকা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে নেসকো কর্তৃক সম্মানিত গ্রাহককে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে বিদ্যুৎ বিল প্রদান করা হয়েছে।

সংযুক্তিঃ

১। বকেয়া বিল পরিশোধের জন্য দপ্তর কর্তৃক গ্রাহককে প্রদানকৃত নোটিশ।

২। গ্রাহক কর্তৃক অনলাইন প্লাটফর্ম নগদে পুনঃসংযোগ ফি প্রদানের পোর্টাল স্ক্রিনশট।

05.09.26

(মোঃ রায়হানুল ওয়াজিদ)
নির্বাহী প্রকৌশলী
বিক্রয় ও বিতরণ বিভাগ-বিমানবন্দর
নেসকো, রাজশাহী।